

Total No. of Printed Pages—6

3 SEM FYUGP GECBNL 3

2025

(Nov/Dec)

BENGALI

(Generic Elective Course)

Paper : GECBNL 3

(শিশুসাহিত্য)

Full Marks : 60

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(শিশুসাহিত্য)

- ১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২
- (ক) ‘শিশুসাহিত্য’ শব্দটি প্রথম কে ব্যবহার করেন ?
- (খ) “পাখি সব করে রব রাতি পোহাইল ।
কাননে কুসুমকলি সকলি ফুটিল ॥”
উক্ত পংক্তিদ্বয় কোন্ কবির রচনা ?
- (গ) ‘সন্দেশ’ পত্রিকাটির সম্পাদক কে ?

(2)

২। শিশুসাহিত্যিক হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের পরিচয় দাও। ৪

অথবা

উনবিংশ শতকের বাংলা শিশুসাহিত্যের বিষয়গুলি কেমন ছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। বাংলা শিশুসাহিত্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে যে কোনো একজন শিশুসাহিত্যিকের পরিচয় তুলে ধর। ৯

অথবা

বিংশ শতকের বাংলা শিশুসাহিত্য ধারার পরিচয় দাও।

দ্বিতীয় একক

(ঠাকুরমার ঝুলি)

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $১ \times ২ = ২$

(ক) ‘ঠাকুরমার ঝুলি’ গ্রন্থটির ভূমিকা কে লিখেছিলেন?

(খ) ‘ঠাকুরমার ঝুলি’তে কত ধরনের রচনা সংকলিত হয়েছে?

(গ) “হাঁউ মাঁউ। কাঁউ!

মনিষ্যার গঁদা পাঁউ !!

ধঁরে ধঁরে খাঁউ!!!

পংক্তিটি কোন্ রূপকথার অন্তর্গত?

26P/351

(Continued)

(3)

৫। ‘ডালিম কুমার’ গল্পে রাণীর আয়ু কার মধ্যে ছিল? রাজপুরীর তালগাছে রাক্ষসী কী কৌশলে রাণীকে খেয়েছিল এবং নিজে রাণীর রূপ ধরে রাজপুত্রের সঙ্গে কীরূপ আচরণ করত? ৪

অথবা

‘নীলকমল আর লালকমল’ গল্পে দুই ভাই অজিত ও কুসুমের মাতাদের নাম উল্লেখ কর। রাক্ষসী রাণী অজিত ও কুসুমের সঙ্গে কীরূপ ব্যবহার করত তার বর্ণনা দাও।

৬। লালকমল নীলকমল জোড়া রাজপুত্র কীভাবে খোঁকসদের মেরেছিল সেই কৌশলের বর্ণনা দাও। ৯

অথবা

‘ডালিম কুমার’ গল্পে কার চক্রান্তে বড় রাজকুমারের চোখ অন্ধ হয়েছিল? অন্ধ রাজকুমার পক্ষিরাজ ঘোড়ার পিঠ থেকে যে রাজপুরীতে এসে পড়েছিল সেই রাজপুরীর রাজকন্যার সঙ্গে বিবাহের কাহিনী তুলে ধর।

তৃতীয় একক

(সুকুমার রায় : আবোল তাবোল)

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $১ \times ২ = ২$

(ক) ‘আবোল তাবোল’ সংকলন কাব্যটি প্রথম কবে প্রকাশিত হয়?

(খ) কে আজবরকম কল করেছেন?

26P/351

(Turn Over)

(4)

- (গ) “সবাই যেন শামলা এঁটে গামলা চড়ে থাকে ;
ছেঁচকি শাকের ঘন্ট বেটে মাথায় মলম মাখে ;
শক্ত ইঁটের তপ্ত বামা ঘষতে থাকে নাকে !

পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ?

- ৮। ‘সংপাত্র’ কবিতায় সংপাত্রের নাম কী ? সংপাত্রের বর্ণনা দাও। ৪

অথবা

কাতুকুতু বুড়োর কাছে কেন যেতে মানা করেছেন তার কারণগুলো উল্লেখ কর।

- ৯। “সুকুমার রায়ের লেখনী থেকে যে অবিমিশ্র হাস্যরসের উৎসধারা বাংলা সাহিত্যকে অভিষিক্ত করেছে তা অতুলনীয়। তার সুনিপুণ ছন্দের বিচিত্র ও সচলগতি পদে পদে চমৎকৃতি আনে।” ‘আবোল তাবোল’ কাব্যের পরিপ্রেক্ষিতে উক্ত মন্তব্যের যথার্থতা বিচার কর। ৯

অথবা

শিশুসাহিত্যিক সুকুমার রায়ের ‘গোঁফচুরি’ কবিতায় হেড অফিসের বড়বাবু চরিত্রটির মধ্য দিয়ে যে হাস্যরস ও অভিনব সৃষ্টি হয়েছে তা আলোচনা কর।

(5)

চতুর্থ একক

(কাজী নজরুল ইসলাম)

‘ক’ অথবা ‘খ’ অংশ থেকে উত্তর করবে

(ক—অংশ)

- ১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কাজী নজরুল ইসলাম কোন্ দেশের জাতীয় কবি ?

(খ) ‘তবে যে ভারি ল্যাজ উঁচিয়ে পুটুস পাটুস চাও?’ এখানে কে ল্যাজ উঁচিয়ে পুটুস পাটুস চায় ?

(গ) “পাতার দেশের পাখী বাঁধা হিয়া বাঁটাতে,
গান তব শুনি সাঁঝে তব ফুটে ওঠাতে।”
কোন্ কবিতার অংশ ?

- ১১। ‘খুকী ও কাঠবেড়ালি’ কবিতায় খুকীর দৃষ্টিতে কাঠবেড়ালির বর্ণনা দাও। ৪

অথবা

‘বিগে ফুল’ কবিতাটির সংক্ষিপ্ত বর্ণনা দাও।

- ১২। ‘লিচু-চোর’ কবিতায় লিচু চুরি করতে এসে চোরের যে অবস্থা হয়েছিল তার বর্ণনা দাও। ৯

অথবা

“ ‘চিঠি’ কবিতার মধ্য দিয়ে শুধু চিঠির স্বরূপ ফুটে ওঠেনি, বোনের প্রতি গভীর ভালোবাসা প্রকাশ পেয়েছে।” উক্তিটির যথার্থতা বিচার কর।

(6)

(খ—অংশ)

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) ‘পুতুলের বিয়ে’ নাটকটি মূলতঃ কাদের জন্য রচিত ?
- (খ) ডালিম কুমারের সঙ্গে কার বিয়ের সম্বন্ধ পাকা হয়েছে ?
- (গ) “তোকে আর টুলি বলব না। তুই আজ থেকে আমার বেয়ান হলি।” উক্তিটি কার ?

১৪। সংক্ষেপে লেখ (যে কোনো একটি) : ৪

- (ক) দাদামণি চরিত্র
- (খ) বেগম চরিত্র

১৫। কাজী নজরুলের ‘পুতুলের বিয়ে’ নাটকটির মধ্য দিয়ে শিশুদের পুতুল খেলার ছলে সামাজিক ও ধর্মীয় বিভেদকে অতিক্রম করে যে সম্প্রীতির বার্তা দিয়েছেন তা বিশ্লেষণ কর। ৯

অথবা

‘পুতুলের বিয়ে’ নাটকে টুলি ও পঞ্চি চরিত্র দুটি বিশ্লেষণ কর।

★ ★ ★